## আমাদের সময়



ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে শুরু হওয়া দুই দিনব্যাপী 'আর্ট ফর ইক্যুয়ালিটি' শিল্প কর্মশালায় অংশ নেওয়া শিল্পীরা আঁকছেন নানা চিত্রকর্ম

# ঢাবিতে দুই দিনব্যাপী 'আর্ট ফর ইক্যুয়ালিটি' কর্মশালা

সাংস্কৃতিক প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে শুরু হয়েছে দুই দিনব্যাপী 'আর্ট ফর ইক্যুয়ালিটি' শিল্প কর্মশালা। গতকাল শুক্রবার উদ্বোধন হওয়া এ কর্মশালায় অংশ নিচ্ছেন দেশের ৯টি বিশ্ববিদ্যালয়ের মোট ৯০ জন শিক্ষার্থী, শিক্ষক ও শিল্পী। শিল্পকলার ইতিহাস বিভাগের তত্ত্বাবধানে আয়োজিত কর্মশালাটি অনুষ্ঠিত হচ্ছে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ ও জাপান ফাউন্ডেশন ট্রাস্টের যৌথ বাস্তবায়নে এবং নেদারল্যান্ডস দূতাবাসের সহায়তায় 'সমতায় তারুণ্য-ইয়ুথ ফর ইক্যুয়ালিটি' প্রকল্পের আওতায়। দুদিনের এই আয়োজন শেষ হবে আজ শনিবার সন্ধ্যায়।

প্রধান অতিথি হিসেবে কর্মশালা উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। [illegible]

## ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো 'উচ্চশিক্ষায় মান নিশ্চয়তার অগ্রগতি: বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি নেতৃত্বের অভিজ্ঞতা' শীর্ষক দিনব্যাপী জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে এর উদ্বোধনী পর্ব অনুষ্ঠিত হয় ভিসি'র অফিস সংলগ্ন অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে। উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। —প্রেস বিজ্ঞপ্তি

**যায়যায়দিন**



ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা প্রাঙ্গণে শুক্রবার আর্ট ফর ইকুয়ালিটি ওয়ার্কশপ অনুষ্ঠানে আর্ট করছেন অংশগ্রহণকারী শিক্ষার্থী ও শিল্পীরা -যায়যায়দিন

## ঢাবিতে দুই দিনব্যাপী আর্ট ফর ইক্যুয়ালিটি ওয়ার্কশপ শুরু

■ যায়যায়দিন রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিল্পকলার ইতিহাস বিভাগের তত্ত্বাবধানে শুক্রবার চারুকলা প্রাঙ্গণে শুরু হয়েছে দুই দিনব্যাপী 'আর্ট ফর ইক্যুয়ালিটি' শিরোনামের ওয়ার্কশপ। নয়টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিল্পীরা এতে অংশগ্রহণ করেন।

নেদারল্যান্ডস দূতাবাসের অর্থায়নে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ ও জাগো ফাউন্ডেশন ট্রাস্টের যৌথ বাস্তবায়নে ৪ বছর মেয়াদি 'সমতায় তারুণ্য-ইয়ুথ ফর ইক্যুয়ালিটি' প্রকল্পের আওতায় কর্মশালাটির আয়োজন করা হয়। কর্মশালাটি শেষ হবে শনিবার সন্ধ্যায়।

প্রধান অতিথি হিসেবে কর্মশালা উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়েমা হক বিদিশা।

বিশেষ অতিথি ছিলেন- প্রাচ্যকলা বিভাগের

● পৃষ্ঠা ১১ কলাম ৩

### ঢাবিতে দুই দিনব্যাপী

(শেষ পৃষ্ঠার পর)

সহযোগী অধ্যাপক ও জগন্নাথ হলের প্রোভোস্ট দেবাশীষ পাল; ওরিয়েন্টাল আর্ট বিভাগের অনারারি অধ্যাপক ড. মো. আবদুস সাত্তার; চারুকলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন ও ভাস্কর্য বিভাগের অধ্যাপক এ এ এম কাওসার হাসান; এবং প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের ইনফ্লুয়েন্সিং, ক্যাম্পেইন ও কমিউনিকেশনস ডিরেক্টর নিশাত সুলতানা।

কর্মশালা উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন শিল্পকলার ইতিহাস বিভাগের সম্মানিত চেয়ারম্যান ও কর্মশালার কিউরেটর ড. শেখ মনির উদ্দিন। অনুষ্ঠানের শুরুতে কর্মশালার উদ্দেশ্য, কার্যক্রম উপস্থাপন করেন বিভাগের সহকারী অধ্যাপক ও কর্মশালার কো-কিউরেটর সঞ্জয় কুমার দে।

প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়েমা হক বিদিশা বলেন 'গত বছরের হিসাব অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০ শতাংশের বেশি শিক্ষার্থী নারী। এখানে নারী শিক্ষার্থীর সংখ্যা বেশি হলেও, সামগ্রিকভাবে বাংলাদেশে উচ্চ শিক্ষায় এখনো নারীরা পিছিয়ে।'

কর্মশালায় আগত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তিনি বলেন, 'এখানে সবার চিন্তার মিথস্ক্রিয়া হবে। আপনারাই একটি সাম্যতা ভিত্তিক ও বৈষম্যহীন সমাজ ব্যবস্থা বিনির্মাণে ভূমিকা রাখতে পারেন।'

চারুকলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক এ এ এম কাওসার হাসান বলেন, 'শিল্পীরা কোনো দলের নয়, শিল্পীরা সবার। শিল্পীরা বৈষম্যহীনতার অগ্রসৈনিক। তাদের শিল্পকর্ম সমাজ পরিবর্তনের হাতিয়ার।'

অনুষ্ঠানের সভাপতি ড. শেখ মনির উদ্দিন বলেন 'কর্মশালায় ৯টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও শিক্ষক সংযুক্ত। এই বিষয়টি গুরুত্বপূর্ণ। সবার ভিন্ন ভিন্ন কনসেপ্ট থেকে সৃষ্ট শিল্পকর্ম পৃথিবীর মানুষের কাছে পৌঁছাবে।'

প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের পরিচালক-ইনফ্লুয়েন্সিং, ক্যাম্পেইন ও কমিউনিকেশনস, নিশাত সুলতানা বলেন 'ছবি এমন একটি মাধ্যম, যেটি মৌখিক বা লিখিত ভাষার ঊর্ধ্বে। ভাষা যেটি পারে না, ছবি সেটি পারে।' তিনি অংশগ্রহণকারী শিল্পীদের উদ্দেশে বলেন 'আপনাদের রংতুলি হয়ে উঠুক জীবন বেছে পান।'

কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়; জগন্নাথ বিশ্ববিদ্যালয়; জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়; খুলনা বিশ্ববিদ্যালয়; রাজশাহী বিশ্ববিদ্যালয়; শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অফ ক্রিয়েটিভ টেকনোলজি; ঢাকা আর্ট কলেজ; নারায়ণগঞ্জ ফাইন আর্ট ইনস্টিটিউট ও যশোর এম এম সুলতান আর্ট কলেজকে প্রতিনিধিত্ব করেছেন।

চারুকলার জয়নুল গ্যালারিতে নভেম্বরের ২৫-২৬ তারিখে এই কর্মশালার চিত্রকর্মগুলোর একটি প্রদর্শনী উদ্বোধন করা হবে এবং চিত্রগুলোর বিষয় ও শিল্পীদের বিবরণীসহ একটি ডিজিটাল ক্যাটালগ প্রকাশনা অনুষ্ঠান হবে। প্রদর্শনীর শুরুতে সেরা ১০ জন শিল্পীকে সম্মানিত করা হবে এবং অংশগ্রহণকারীদের সনদ প্রদান করা হবে। তাছাড়া বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে দিনব্যাপী বিষয়ভিত্তিক ৩টি আলাদা সেমিনার আয়োজন করা হবে ২৬ নভেম্বর।